



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

পৌষ ২৪, ১৪৩১

তারিখ: _____
জানুয়ারি ০৮, ২০২৫

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান**

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত
খণ্ড/বিনিয়োগের বিপরীতে প্রগোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আগস্ট ১৭, ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৮, জুন ২০, ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, আগস্ট ০৮, ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯, জুন ২৫, ২০২৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬ এবং জুলাই ২৬, ২০২৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের মাধ্যমে জুলাই ০১, ২০২১ তারিখ হতে ডিসেম্বর ৩১, ২০২৪ তারিখ পর্যন্ত ‘নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন ক্ষিম’ এর আওতায় গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৫% সুদ/মুনাফায় বিতরণকৃত খণ্ড/বিনিয়োগের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ: যথাসময়ে সমন্বয়/আদায়/পরিশোধে উৎসাহিত করার লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং গ্রাহক প্রত্যেককে ১% হারে প্রগোদনা সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩। এক্ষণে, জানুয়ারি ০১, ২০২৫ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বর্ণিত ক্ষিম হতে বিতরণকৃত খণ্ড/বিনিয়োগের বিপরীতে উক্ত প্রগোদনা সুবিধা প্রদান অব্যাহত থাকবে।

৪। এক্ষণে, উপরিউক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহে প্রগোদনা প্রদান সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(নওশাদ মোস্তাফা)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২